*একসঙ্গে ভবিষ্যত গড়া: আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগের কৌশলগত পরিকল্পনা*

## আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ কী?

আর্লিংটন কাউন্টির সেফটি নেট সিস্টেমের মূল স্তম্ভ হিসেবে আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ (DHS) একটি সমন্বিত সংস্থা যার ৮০০-এরও বেশি কর্মী রয়েছে এবং তারা পাঁচটি মূল ক্ষেত্রে সেবা প্রদান করেঃ বার্ধক্য ও প্রতিবন্ধী সেবা, আচরণগত স্বাস্থ্যসেবা, শিশু ও পরিবার সেবা, অর্থনৈতিক স্বাধীনতা এবং জনস্বাস্থ্য। এছাড়া, DHS প্রায় ৫০টি অলাভজনক সংস্থার সঙ্গে পার্টনারশিপে কাজ করে যাতে সম্প্রদায়ের সম্পূর্ণ চাহিদা পূরণ করা যায়। DHS আর্লিংটন কাউন্টির সবচেয়ে বড় বিভাগ, যা প্রতি বছর ৫৮,০০০-এরও বেশি ব্যক্তিকে সেবা দান করে, যেমন Medicaid, SNAP, আবাসন ভর্তুকি, জনস্বাস্থ্য সেবা, স্কুল স্বাস্থ্য ক্লিনিক, প্রাপ্তবয়স্ক প্রতিরক্ষামূলক পরিষেবা, শিশু কল্যাণ পরিষেবা এবং কমিউনিটি সার্ভিসেস বোর্ড (CSB) এর প্রোগ্রামগুলো তাদের জন্য যাদের মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে, মাদকজনিত সমস্যা রয়েছে বা বিকাশগত চাহিদা রয়েছে।

আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ একটি ন্যায়সঙ্গত এবং সাম্যপূর্ণ সম্প্রদায়ের জন্য কাজ করে, যা স্বাস্থ্যকর, নিরাপদ, অর্থনৈতিকভাবে সুরক্ষিত এবং পদ্ধতিগত বর্ণবাদ মুক্ত। এই বিভাগের মিশন হলো কৃষ্ণাঙ্গ, আদিবাসী এবং বিভিন্ন বর্ণের মানুষের সঙ্গে সংহতি প্রকাশ করে সকল সম্প্রদায়ের সদস্যদের জন্য প্রয়োজনীয় সম্পদ এবং সুযোগের প্রতি ন্যায়সঙ্গত প্রবেশাধিকার সৃষ্টি করা, যাতে তারা স্বাস্থ্যবান থাকতে পারে, নিরাপদ থাকতে পারে এবং অর্থনৈতিকভাবে সুরক্ষিত থাকতে পারে।

## মানবসেবা কৌশলগত পরিকল্পনা কী?

মানব সেবা কৌশলগত পরিকল্পনা হল একটি বিস্তৃত ডকুমেন্ট যা মানব সেবা বিভাগের মিশন, লক্ষ্য এবং সেবাগুলো সম্প্রদায়ের কাছে পৌঁছে দেওয়ার কৌশল বর্ণনা করে। এটি স্বাস্থ্য, সামাজিক সুস্থতা এবং অর্থনৈতিক স্থিতিশীলতা সম্পর্কিত জটিল ও সর্বদা পরিবর্তনশীল চাহিদাগুলো মোকাবেলা করার জন্য একটি রোডম্যাপ হিসাবে কাজ করতে পারে। এটি নিশ্চিত করে যাতে প্রশাসন তার বাসিন্দাদের সহায়তায় সাড়া দিতে এবং কার্যকরভাবে কাজ করতে পারে।

## কেন আর্লিংটন কাউন্টি মানবসেবা বিভাগকে একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করতে হবে?

আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ তার বিভাগের ভিশনএবং মিশন পূরণের জন্য একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করছে। এই পরিকল্পনাটি ন্যায়সঙ্গত এবং সাম্যপূর্ণ একটি সম্প্রদায় গঠনের প্রচেষ্টাকে পথনির্দেশ করবে সঠিক অগ্রাধিকার এবং সম্পর্কিত কর্মপদ্ধতি নির্ধারণের মাধ্যমে বৈষম্য মোকাবেলা করার জন্য। নীতি এবং সেবাগুলি যাতে অন্তর্ভুক্তিমূলক, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল এবং সবার জন্য প্রবেশযোগ্য হয়, তা নিশ্চিত করে কৌশলগত পরিকল্পনাটি বিভাগের মিশনকে এমন নির্দিষ্ট উদ্যোগের সাথে সঙ্গতিপূর্ণ করবে, যা সম্প্রদায়ের চাহিদা পূরণ এবং স্বাস্থ্য, নিরাপত্তা, এবং অর্থনৈতিক সুরক্ষার প্রতি পদ্ধতিগত প্রতিবন্ধকতা ভেঙে ফেলবে। এটি মানব সেবা বিভাগের জন্য পরিমাপযোগ্য লক্ষ্য নির্ধারণ করে এবং এমন একটি সম্প্রদায় গঠনের দিকে অগ্রগতি ট্র্যাক করার মাধ্যমে জবাবদিহিতাকে উন্নীত করবে যেখানে প্রতিটি বাসিন্দা জাতিগত বৈষম্যের সম্মুখীন না হয়ে উন্নতি করতে পারে।

## আর্লিংটন কাউন্টি মানব সেবা কৌশলগত পরিকল্পনায় কোন ফলাফলগুলো সম্বোধন করা হবে?

আর্লিংটন কাউন্টি মানব সেবা কৌশলগত পরিকল্পনা যেসকল ফলাফলের ওপর ফোকাস করবে- শারীরিক ও আচরণগত স্বাস্থ্য; আবাসনের স্থিতিশীলতা; নিরাপত্তা, প্রতিরোধ এবং সুস্থতা; অর্থনৈতিক সুরক্ষা; অন্তর্ভুক্তিমূলক সম্প্রদায়িক সংযোগ এবং সাংগঠনিক সক্ষমতা। আরও তথ্যের জন্য দেখুন (https://arlingtonva.us/Government/Departments/DHS/Strategic-Plan)

## আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ কেন একটি কৌশলগত চাহিদা জরিপ পরিচালনা করছে?

আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ আর্লিংটন কাউন্টির বাসিন্দাদের চাহিদা বোঝার এবং সেগুলি মোকাবেলা করার জন্য একটি মানব সেবা কৌশলগত পরিকল্পনা তৈরি করার জন্য বিভিন্ন সম্প্রদায়ের মতামত সংগ্রহ করছে।

## জরিপ সম্পূর্ণ করতে কত সময় লাগবে?

জরিপ সম্পূর্ণ করতে ১০-১৫ মিনিট সময় লাগবে।

## জরিপটি আমি কোথায় পাবো?

জরিপটি আপনি এখানে পাবেনঃ https://www.research.net/r/ArlingtonCS
এছাড়া, জরিপটি বিভিন্ন মানব সেবা বিভাগ এবং বিভিন্ন সম্প্রদায়ের এলাকায় পরিচালিত হচ্ছে।

**জরিপটি কখন অনুষ্ঠিত হবে?**

জরিপটি ২৮ অক্টোবর, ২০২৪ থেকে ২ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত চালু থাকবে।

**জরিপটি কি একাধিক ভাষায় পাওয়া যাবে?**

হ্যাঁ, জরিপটি ইংরেজি সহ ছয়টি আলাদা ভাষায় পাওয়া যাবেঃ আরবি (عربي), আমহারিক (አማርኛ), বাংলা (বাংলা), মঙ্গোলিয়ান (Монгол), রুশ (Русский), এবং স্প্যানিশ (Español)।

**আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগ জরিপের ফলাফল দিয়ে কী করবে?**

জরিপের ফলাফলগুলো আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগের দ্বারা বিভিন্ন সম্প্রদায়কে প্রদান করা সেবাগুলো বোঝার জন্য এবং সেগুলো উন্নত করার জন্য ব্যবহার করা হবে, এবং কৌশলগত পরিকল্পনাকে বিভিন্ন সম্প্রদায়ের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ করতে ব্যবহৃত হবে।

**জরিপের ফলাফলগুলো ভবিষ্যতে জনগণের জন্য উন্মুক্ত করা হবে কিনা?**

আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগের কৌশলগত পরিকল্পনা এবং সম্পর্কিত তথ্য এখানে পাওয়া যাবেঃ
https://arlingtonva.us/Government/Departments/DHS/Strategic-Plan

**সেখানে কি কোনো ফোকাস গ্রুপ থাকবে?**

হ্যাঁ, যারা মানব সেবা বিভাগের প্রোগ্রাম এবং সেবা ব্যবহার করেছেন, তাদের একটি ছোট সংখ্যাকে ফোকাস গ্রুপে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হবে। যদি আপনি আগ্রহী হন, দয়া করে এখানে ক্লিক করুনঃ https://forms.gle/UHysoD8RTYEcougbA

**আরও তথ্য এবং সহায়তার জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?**

অরো তথ্য এবং সহায়তার জন্য অনুগ্রহ করে আমাদের সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করুনঃ team@carrington-consulting.com

**আমি আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগের কৌশলগত পরিকল্পনা সম্পর্কে আরও তথ্য কোথায় পেতে পারি এবং এই উদ্যোগের অগ্রগতি সম্পর্কে কীভাবে অবগত থাকতে পারবো?**

আর্লিংটন কাউন্টি মানব সেবা বিভাগের কৌশলগত পরিকল্পনা সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবেঃ
https://arlingtonva.us/Government/Departments/DHS/Strategic-Plan